বাংলা বিভাগ

# দুর্গাপুর সরকারি মহাবিদ্যালয়



প্রচ্ছদ চিত্র: সোফিয়া দুঁম, ২০১৮

মে’২০২৩

# বিভাগীয় সমাচার দর্পণ ২



ছবি: দুর্লভ ঠাকুর। ষষ্ঠ সেমেস্টার।

বিভাগীয় সমাচার দর্পণ ২ প্রকাশিত হল। বিভাগের পক্ষ থেকে অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাই। তাঁর সহৃদয় পরামর্শ আমাদের সমৃদ্ধ করেছে। ছাত্রছাত্রীরা আমাদের দিশা দিয়েছেন। তাঁদের সক্রিয় সহযোগিতা আমাদের পাথেয়।

এই পর্বে বাংলা বিভাগের উদ্যোগে সংগঠিত হয়েছে সিলেবাসের সঙ্গে সংশ্লিষ্ট নাটক বিষয়ে আলোচনাসভা এবং দুর্গাপুর অঞ্চলের নাট্য-গোষ্ঠীর প্রযোজনায় দুটি নাটকের মঞ্চায়ণ। আমাদের উদ্দেশ্য ছিল সিলেবাসকে কেন্দ্রে রেখে বৈশ্বিক নাট্যচিন্তা ও নাট্য-রূপায়ণের সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করানো।

বাংলা বিভাগের উদ্যোগে একটি রচনাশিক্ষা বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়েছিল। যে উদ্যোগে বাংলা বিভাগ ছাড়াও কলেজের অন্যান্য বিভাগের শিক্ষক ও ছাত্রছাত্রীবৃন্দও যোগদান করেছিলেন। আমাদের মুখ্য উদ্দেশ্য ছিল পরীক্ষার উত্তরদান ও একাডেমিক রচনা নির্মাণের ক্ষেত্রে ছাত্রছাত্রীদের দক্ষতা বৃদ্ধি করা।

এছাড়াও, এই সংখ্যায় আছে বিদ্যাচর্চা ও অন্যান্য ক্ষেত্রে বাংলা বিভাগের ছাত্রছাত্রীদের বিচিত্র পারদর্শিতার নিদর্শন।

আমরা পুনর্বার সকলের প্রতি কৃতজ্ঞতা জানাই।




ছবি: তৃষা সৌ, বাংলা বিভাগ। চতুর্থ সেমেস্টার।

বাংলা বিভাগ
দুর্গাপুর সরকারি কলেজ
যোগাযোগ:

জয়ন্তী সাহা, বিভাগীয় প্রধান (৯৪৩৪৫৩৯৪৮০)
মানস কুণ্ডু (৯৮৩৬৪৯১৪৩২)
ধনঞ্জয় দাস (৯০৯৩০৮৯১৪০)
ঈশানী রায় (৯৪৭৭৫৯১১৪৫)
সুস্মিতা রায় (৭৪৩৯০৬৬৪১৮)

ক্লাসঘরে নাটক-পাঠ ও বিশ্লেষণ আর মঞ্চে নাট্যাভিনয় দর্শনের অভিজ্ঞতা এক নয়। বাংলা বিভাগের ছাত্রছাত্রীরা জানিয়েছিল, তাঁরা নাটক পড়েছে, কিন্তু নাটক দেখেনি। নাটক যে আসলেই এক 'পারফর্মেন্স টেক্সট', ক্লাসঘরে আলোচিত এই তাত্ত্বিক বিষয়টিকে স্পষ্ট করবার জন্যেই বাংলা বিভাগের উদ্যোগে দুটি মঞ্চ-নাটকের আয়োজন। দুর্গাপুরের দুই নাট্যগোষ্ঠীর কর্ণধার শ্রী সোমনাথ হাজরা ও শ্রী শুভেন্দু বন্দ্যোপাধ্যায় বাংলা বিভাগের আহ্বানে সাড়া দিয়েছেন, তাঁরা নাটক মঞ্চস্থ করেছেন, ছাত্রছাত্রীদের সঙ্গে বার্তালাপ করেছেন, উৎসাহী ছাত্রছাত্রীদের বুঝিয়েছেন নাটকের তত্ত্ব আর প্রয়োগ-বিন্যাসের পার্থক্য। কলেজ সন্নিহিত অঞ্চলের বৃহত্তর জনগোষ্ঠীর সাংস্কৃতিক ক্রিয়াকলাপের সঙ্গেও ছাত্রছাত্রীরা পরিচিত হয়েছে। আমরা শ্রী হাজরা ও শ্রী বন্দ্যোপাধ্যায়ের নিকট কৃতজ্ঞ।



৪'মে ২০২৩: নাট্যানুষ্ঠানের আলোকচিত্র









অভিনয়-প্রশিক্ষণ কর্মশালা


রবীন্দ্র জয়ন্তী উপলক্ষ্যে বাংলা বিভাগের শিক্ষকবৃন্দ ও ছাত্রছাত্রীদের আলোচনা সভা






সিলেবাসে পাঠ্য অজিতেশ বন্দ্যোপাধ্যায়ের সওদাগরের নৌকা নাটকটিকে কেন্দ্র করে নাট্যকারের জীবন ও কর্মের একটি সামগ্রিক মূল্যায়নের জন্য বিশেষ আলোচনা সভা। সঙ্গে সম্পূর্ণ নাটকের পাঠাভিনয়।





আলোচনা সভার আলোকচিত্র



প্রসঙ্গ: বাংলা ভাষা। বিভাগীয় আলোচনা সভা।










রচনাশিক্ষা কর্মশালা।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের গবেষক ও বর্তমান কর্মশালার পরিচালক শ্রী শিমূল সেন-এর সঙ্গে উপস্থিত আছেন মাননীয় অধ্যক্ষ ড. দেবনাথ পালিত।




GPS Map Camera
Durgapur, West Bengal, भारत
G8RG+WXX, Jawahar Lal Nehru Road, Amarabati Colony, Durgapur, West Bengal 713214, भारत
Lat 23.542333°
Long 87.326685°
27/03/23 12:59 PM GMT +05:30



GPS Map Camera
Durgapur, West Bengal, भारत
G8RG+WXX, Jawahar Lal Nehru Road, Amarabati Colony, Durgapur, West Bengal 713214, भारत
Lat 23.542333°
Long 87.326685°
27/03/23 12:58 PM GMT +05:30

ছাত্রছাত্রী পরিচালিত বাংলা বিভাগের দেওয়াল পত্রিকা



দেওয়াল পত্রিকার উদ্বোধন

এই সংখ্যার বিষয় রবীন্দ্রনাথ। পত্রিকার পরিকল্পনা ও রূপদানে বাংলা বিভাগের চতুর্থ সেমেস্টারের ছাত্রছাত্রীবৃন্দ



রবীন্দ্র জয়ন্তী উপলক্ষ্যে

কলেজের সাংস্কৃতিক পরিষদ আয়োজিত

ক্যুইজ প্রতিযোগিতায়


প্রথম স্থানাধিকারী বাংলা বিভাগের চতুর্থ সেমেস্টারের ছাত্র

জিৎ রায়।



বাংলা বিভাগের ষষ্ঠ সেমেস্টারের ছাত্র রোহিতকুমার ঘোষ ও অপূর্ব লোহার এন.সি.সি.-বি সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। তাঁরা অংশগ্রহণ করেছে সি.এ.টি.সি.-বি ডি ৬ ক্যাম্পে। চতুর্থ সেমেস্টারের ছাত্র অসিত ভান্ডারীও বার্ষিক ট্রেনিং ক্যাম্পে অংশগ্রহণ করেছে।





স্নাতক স্তরে সাফল্যের জন্যে তনয়া দাস, পৃথা মুখার্জি ও পারভিন খাতুনের বিশেষ পুরস্কার প্রাপ্তি। পুরস্কার দিচ্ছেন মাননীয় অধ্যক্ষ ড. দেবনাথ পালিত।

ছবিতে পৃথা মুখার্জি ও পারভিন খাতুন।





নির্বাচিত ছবি:

দুর্লভ ঠাকুর। ষষ্ঠ সেমেস্টার। বাংলা বিভাগ

আগামী পর্বে

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

সাহিত্য ইতিহাসের ইতিহাস